



ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ৯৫৫৯৪৮৫, ৯৫৫৬১১২, ৯৫৭৩৩৪৩, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬২৪৪৭,

E-mail : info.iebhq@gmail.com, Web site : www.iebbd.org

স্মারক নং - সদ/আইইবি/জি/কন-৫৯/২০১৯/২২৩

তারিখ : ১৬/০১/২০১৯ খ্রি.

অধ্যাপক ড: প্রকৌশলী সাইফুল ইসলাম, এফ/ ১৯৮৯
আইস-চ্যাপেলর
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।

বিষয় : ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ-এর ৫৯তম কনভেনশনে প্রতিনিধি মনোনয়নের আমন্ত্রণ।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য অতীব আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর ৫৯তম কনভেনশন ০১-০৫ মার্চ ২০১৯ আইইবি সদর দফতর, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। এবারের কনভেনশনের প্রতিপাদ্য বিষয় **Engineering Excellence : Earth to Space**। কনভেনশনের অন্যান্য বিষয়ের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ থাকবে **Engineers for the Excellence in Infrastructure Development** শীর্ষক জাতীয় সেমিনার। বিশ্বের অত্যন্ত বিস্তৃত দেশের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিসহ প্রায় ৫০০০ প্রকৌশলী ও প্রতিনিধি কনভেনশনে অংশগ্রহণ করবেন বলে আশা করা যাচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ০২ মার্চ ২০১৯, শনিবার, সকাল ১০:০০ ঘটিকায় আইইবি সদর দফতর, রমনা, ঢাকায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কনভেনশনের শুভ উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে এবং বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় বিরোধীদলীয় নেতা আগামী ০৪ মার্চ ২০১৯, সোমবার বিকাল ৩:৩০ ঘটিকায় কনভেনশনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বলে আশা করা যাচ্ছে।

উক্ত কনভেনশনে অংশগ্রহণ করার নিমিত্তে আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে যথাসম্ভব বেশী সংখ্যক প্রতিনিধি বিশেষ করে আইইবি সদস্যদেরকে প্রয়োজনীয় অনুমতি প্রদান এবং কনভেনশনকালীন সময়কে তাঁদের কার্যদিবস হিসেবে গণ্য করার জন্য ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ-এর কেন্দ্রীয় কাউন্সিলের পক্ষ থেকে অনুরোধ করা হচ্ছে। এখানে উল্লেখ্য যে, ৫৯তম কনভেনশনের রেজিস্ট্রেশন ফি ২০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে।

আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে মনোনীত প্রতিনিধিবৃন্দের তালিকা, নিম্নস্বাক্ষরকারীকে একটি অনুলিপি সহ আগামী ১০ ফেব্রুয়ারি ২০১৯-এর মধ্যে নিম্ন ঠিকানায় পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

সম্মানী সম্পাদক

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

ঢাকা কেন্দ্র, আইইবি ভবন (২য় তলা), রমনা, ঢাকা-১০০০

ফোন : ৮৮০-২-৯৫৬৭৮৫৫, ০১৭৮৯৭৯৬০৭৬

ফ্যাক্স : ৮৮০-২-৯৫৫২৬৯৬, ই-মেইল : iebdc@yahoo.com

ওয়েব সাইট : www.iebdc.org

ইতোমধ্যে কনভেনশনের প্রি-রেজিস্ট্রেশন ফরম সম্মানিত সদস্যদের নিকট পাঠানো হয়েছে। আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধিদের অবশ্যই আগামী ১০ ফেব্রুয়ারি ২০১৯-এর মধ্যে প্রি-রেজিস্ট্রেশন ফরম উপরোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও ৫৯তম কনভেনশনের রেজিস্ট্রেশন ফরম আইইবি'র ওয়েব সাইট www.iebbd.org তে পাওয়া যাবে।

আইইবি'র ৫৯তম কনভেনশনকে সাফল্যমণ্ডিত করার লক্ষ্যে সকলের আন্তরিক সহায়তা, সহযোগিতা ও সমর্থন আমাদের একান্তভাবে কাম্য। ধন্যবাদান্তে,

প্রকৌশলী খন্দকার মনজুর মোর্শেদ

সম্মানী সাধারণ সম্পাদক

বিতরণ : সদয় জ্ঞাতার্থে

- ১। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, ঢাকা কেন্দ্র, আইইবি
- ২। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, সকল কেন্দ্র, আইইবি
- ৩। চেয়ারম্যান/ সম্পাদক, সকল উপকেন্দ্র, আইইবি
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল প্রকৌশলী সমিতি, আইইবি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/আই-৫/রে- ৪০৯৭ (৫০)

তারিখঃ ১৬/০২/১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

- ১। সকল বিভাগ/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল ইনস্টিটিউট/সেন্টার-এর পরিচালকবৃন্দ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।